

পলাতক

তোমার বৃকে ঘুমিয়ে পড়ে, তোমার বৃকে জেগে
অবাক হিম এই যে এত আকাশ ভরা তারা
নদীর বৃকে হাওয়া ছোটায় অধবনিবেগে
তুমি কি তাতে ভেঙেছো ? তুমি ভাঙনে দিশাহারা ?

কোথায় দিক ? বলো কোথায় দিগন্তের রেখা ?
কোথায় বাঁচা ? কোথায় মরা ? কোথায় ? কোন দিকে ?
কেবল আলো, কেবলই আলো, আলোয় কুছকেকা
ঘুমের পথে ছুটিয়ে মারে তগ বন্দীকে !

ছুটন্তের পায়ের নীচে আকাশ মহাবাড়ি
ওপরে তুমি, আলোর মাটি, কিরণ গাছপালা
অন্ধকার শূন্যে জমি আঙনে বোনা শাড়ি
বন্দী কার প্রাণের ? কে তুমি কথামালা ?

তুমি কি কারো বয়স ? আয়ু ? তুমি কি বাঁকা আলো ?
তৃণীর - ভাঙা তগ তীর তোমাকে যদি গাঁথে
তবে জীবন, আয়ুষ্কাল, জমাট জ্ঞান, কালো,
তুমি কি তাকে সঙ্গে নেবে ? পালাবে একসাথে ?

শিবাশিস মুখোপাধ্যায়

